এই অংশে মূল্যায়িত ভাষাগত দক্ষতাগুলো গ্রেড 7-এর জন্য নির্ধারিত **নিউ ইয়র্ক স্টেট নেক্সট জেনারেশন ইংলিশ ল্যাঙ্গুয়েজ আর্টস লার্নিং স্ট্যান্ডার্ডস**-এর ভাষা অংশের উপর ভিত্তি করে তৈরি, পাশাপাশি আগের গ্রেডগুলোতে শেখানো হয়ে থাকতে পারে এমন দক্ষতা বা শিক্ষার মানদণ্ড এতে অন্তর্ভুক্ত রয়েছে। প্রতিটি প্রশ্ন আপনাকে কোন বাক্য, বাক্যের তালিকা বা সংখ্যাযুক্ত বাক্যসহ কোন অনুচ্ছেদ পড়ার নির্দেশনা দেয়। তারপরে আপনাকে ভাষা বা বিরাম চিহ্ন সম্পর্কিত সমস্যা সমাধান করতে বলা হবে। উদাহরণে অন্তর্ভুক্ত রয়েছে

- ত্রুটির জন্য সেরা সংশোধন নির্বাচন
- ত্রুটিযুক্ত বাক্য শনাক্তকরণ
- বাক্যগুলো একত্রিত করে বা বাক্যের অংশ সংশোধন করে লেখার উন্নতি সাধন

পরিমার্জন/সংশোধনের জন্য পরামর্শ অংশ B

বাক্সের লেখাটি পড়ুন এবং সময় সম্পর্কে সচেতন থেকে নোট নিন অথবা হাইলাইটার টুল ব্যবহার করে আপনি যেসব বিষয় লক্ষ্য করেন সেগুলো চিহ্নিত করুন।

- এমন কোন শব্দ, বাক্যাংশ বা বাক্য আছে কি যা ভাষার ব্যবহার বা বিরাম চিহ্নের ত্রুটির কারণে পড়তে অসুবিধা হয়?
- টেক্সট-এর এমন কোন অংশ আছে কি যা আরও স্পষ্ট, সংক্ষিপ্ত বা সুনির্দিষ্টভাবে লেখা যেতে পারে?
- আপনি কোন সমস্যা লক্ষ্য করলে দ্রুত টেক্সট হাইলাইট করুন। এটি আপনাকে কোন উত্তর বিকল্প নির্বাচন করতে সাহায্য করতে পারে।

আপনার টুল নিয়ে পরিকল্পনা করুন।



- আপনি এই বিভাগের জন্য কোন টুল ব্যবহার করবেন তা নির্ধারণ করুন। আপনি কি ডিজিটাল নোটপ্যাড বা স্ক্র্যাপ পেপার ব্যবহার করবেন? আপনি কি হাইলাইটার টুল ব্যবহার করবেন? পরীক্ষা দেওয়ার আগে বিভিন্ন টুল ব্যবহার করে অনুশীলন করুন।

আপনার সময় নিয়ে পরিকল্পনা করুন।



- পরীক্ষার দিনের আগে, এই অংশে আপনি কতটা সময় ব্যয় করবেন তা পরিকল্পনা করুন। মনে রাখবেন, ELA বিভাগের অন্যান্য অংশের মতো নয়, একবার আপনি পরবর্তী আইটেমে গেলে, পূর্ববর্তী আইটেমের উত্তর পরিবর্তন করতে ফিরে আসতে পারবেন না।

অংশ B পরিমার্জন/সংশোধনের জন্য নমুনা প্রশ্ন

Sample 1: Select the sentence that needs a revision.

Which sentence in the paragraph should be revised to correct an inappropriate shift in verb tense ?

(1) For 14 years, James and his dad have had a tradition of attending Yankees games together, but James is leaving for college next week, and he is agonizing over the fact that attending school in Pennsylvania and working there over the summer meant no more games with his dad. (2) One night, as James is packing his clothes into boxes, he hears a soft knock on his bedroom door. (3) As soon as he opens the door, James sees what is in his dad's hands and feels a rush of joy. (4) His dad is holding a bus ticket for a trip home on a weekend in the spring so that father and son can attend a Yankees game together!

A. Sentence 1
B. Sentence 2
C. Sentence 3
D. Sentence 4

এই অনুচ্ছেদের জন্য সেরা সংশোধন নির্ধারণ করতে অনুচ্ছেদের 1 নং বাক্য পড়ুন। কোন সংশোধনের প্রয়োজন না হলে সঠিক উত্তর না পাওয়া পর্যন্ত প্রতিটি বাক্য এবং উত্তরের বিকল্প পড়া চালিয়ে যান।

Sample 1 Explanation

(A) The sentence is written in the present tense; the verb "meant" shifts incorrectly into past tense. This verb should instead appear in the future tense, "will mean," since the verb refers to how things will be in the future. The corrected sentence will then read, "For 14 years, James and his dad have had a tradition of attending Yankees games together, but James is leaving for college next week, and he is agonizing over the fact that attending school in Pennsylvania and working there over the summer will mean no more games with his dad." The present tense, "means," could also be used, as James appears to be coming to this realization in present time. The use of "means" would make the corrected sentence read as follows: "For 14 years, James and his dad have had a tradition of attending Yankees games together, but James is leaving for college next week, and he is agonizing over the fact that attending school in Pennsylvania and working there over the summer means no more games with his dad."

Sample 2: Identify a sentence with an error.

Which sentence in the paragraph contains an error in its construction and should be revised?

(1) In 2007, visitors to San Francisco, many of whom were attending an international design conference, had booked almost all of the city's hotel rooms. (2) Looking for a way to earn some extra money, three air mattresses were rented out by roommates Joe Gebbia and Brian Chesky. (3) The 27-year-olds put the mattresses in the loft of their apartment and charged $80 a night, for which guests received a bed, breakfast, and internet access. (4) Soon the entrepreneurs realized that they could capitalize on their idea in a much bigger way, and they established Airbnb, a company that offers around 6 million rental listings in more than 100,000 cities worldwide.

E. sentence 1
F. sentence 2
G. sentence 3
H. sentence 4



টুল বিষয়ক পরামর্শ: আপনি ত্রুটি দেখতে পেলে তা চিহ্নিত করতে হাইলাইটার ব্যবহার করার কথা বিবেচনা করুন। লাইন রিডার মাস্ক আপনাকে টেক্সট-এর প্রতিটি লাইনে মনোনিবেশ করতে সহায়তা করতে পারে।

বাক্য শনাক্ত করতে সময় সম্পর্কে সচেতন হয়ে সাবধানে পড়ুন; দ্রুত পড়ে এগিয়ে যাবেন না। ত্রুটি অনুচ্ছেদের যেকোন জায়গায় থাকতে পারে।

লক্ষ্য করুন যে, ত্রুটি **হলো নির্দিষ্টভাবে গঠনগত বিষয়**, যার অর্থ এটি ধারণাসমূহের মধ্যে সম্পর্ক উপস্থাপন করার জন্য একটি বাক্যে শব্দ এবং বাক্যাংশগুলো কীভাবে স্থাপন করা হয়েছে তার সাথে সম্পর্কিত।

Sample 2 Explanation

(F) In sentence 2, the modifier "Looking for a way to earn some extra money" incorrectly modifies "three air mattresses" when it should modify "roommates Joe Gebbia and Brian Chesky." This error in construction can be corrected by making "roommates Joe Gebbia and Brian Chesky" the subject of the main clause and using the active voice. The corrected sentence will read "Looking for a way to earn some extra money, roommates Joe Gebbia and Brian Chesky rented out three air mattresses."

Sample 3: Improve the writing by combining sentences or revising part of a sentence.

What is the **best** way to combine these sentences to clarify the relationship between ideas?

> (1) In 2019, 15-year-old Cori "Coco" Gauff defeated Venus Williams in the first round of Wimbledon.
>
> (2) Wimbledon is the world's most prestigious tennis tournament.
>
> (3) Gauff made history as the youngest player in almost 30 years to win a women's singles match at Wimbledon.

A. Making history at the world's most prestigious tennis tournament in 2019, 15-year-old Cori "Coco" Gauff defeated Venus Williams, in the first round, making Gauff the youngest player in almost 30 years to win a women's singles match at Wimbledon.

B. At the world's most prestigious tennis tournament, Wimbledon, 15-year-old Cori "Coco" Gauff made history in 2019 by defeating Venus Williams in the first round, making the teenager the youngest player in almost 30 years to win a women's singles match.

C. In 2019, 15-year-old Cori "Coco" Gauff made history when she defeated Venus Williams in the first round of Wimbledon, becoming the youngest player in almost 30 years to win a women's singles match at the world's most prestigious tennis tournament.

D. In 2019, history was made at the first round of Wimbledon, the world's most prestigious tennis tournament, when 15-year-old Cori "Coco" Gauff defeated Venus Williams to become the youngest player in almost 30 years to win a women's singles match.

বাক্যগুলো একত্রিত করতে নিজেকে জিজ্ঞাসা করুন

1। এর পরিবর্তে এমন কোন শব্দ/ধারণা কি আছে যা বারবার ব্যবহার করা যেতে পারে?

2। কীভাবে বিভিন্ন ধারণা সম্পর্কিত করা হয়? এগুলো কি কোন কারণ এবং প্রভাব, বিপরীত ধারণা, কোন ক্রম ইত্যাদি উপস্থাপন করে?

Sample 3 Explanation

(C) This revision clarifies the idea that Gauff made history by becoming the youngest player in decades to win a women's singles match at Wimbledon and that she did so when she beat Venus Williams. The revision also explains that Wimbledon is the "world's most prestigious tennis tournament" in a way that is clear and logical.

গণিত বিভাগের জন্য কীভাবে প্রস্তুতি নেবেন

গণিত বিভাগে 50 টি কথার অঙ্ক এবং গণনামূলক প্রশ্ন রয়েছে। গণিত প্রশ্নে **নিউ ইয়র্ক অঙ্গরাজ্যের পরবর্তী প্রজন্মের গণিত শিক্ষার মান**থেকে গাণিতিক দক্ষতা, গাণিতিক পদ এবং সাধারণ ধারণার প্রয়োগ জড়িত। SHSAT ম্যাথ আইটেমগুলোর জন্য আপনাকে জটিল, একাধিক-ধাপের সমস্যাগুলোতে পরিচিত গণিত দক্ষতা প্রয়োগ করতে হবে।

গণিত বিভাগে আপনাকে অবশ্যই প্রতিটি প্রশ্নের উত্তর দিতে হবে এবং তারপর পরবর্তী প্রশ্নে যেতে সক্ষম হবেন। পরবর্তী প্রশ্নে যাওয়ার পর আপনি আর আগের প্রশ্নে ফিরে যেতে পারবেন না।

আপনার টুলগুলোর তালিকা করুন

হাইলাইটার		আপনি গুরুত্বপূর্ণ হিসাবে নোট করতে চান এমন টেক্সট হাইলাইট করুন।
আনসার এলিমিনেটর		যেসব উত্তরের বিকল্প সঠিক নয় বলে আপনি জানেন, সেগুলো কেটে দিন।
নোটপ্যাড		নোট নিন অথবা গণিতের সমস্যা সমাধান করুন। প্রতিটি আইটেমের জন্য নোটপ্যাড রিফ্রেশ হবে।
পেন্সিল		প্রশ্নগুলোর সমাধানের জন্য মাউস ব্যবহার করে পরীক্ষার আইটেম বা অনুচ্ছেদগুলোতে আঁকুন। আপনি পেন্সিলের চিহ্ন পূর্বাবস্থায় ফেরাতে, পুনরায় করতে বা মুছে ফেলতে পারেন।
লাইন রিডার মাস্ক		মনোনিবেশের জন্য নির্দিষ্ট লাইনের চারপাশে টেক্সট ঢেকে দিন।
ইকুয়েশন এডিটর		আপনি কিছু প্রশ্নের উত্তর লিখতে ইকুয়েশন এডিটর ব্যবহার করবেন। এই টুলের সাথে নিজেকে পরিচিত করুন যাতে আপনি সহজেই এটি ব্যবহার করতে পারেন।

SHSAT-এর গণিত অংশে অংশ নেওয়ার জন্য আপনাকে প্রস্তুত করতে সাহায্য করার লক্ষ্যে নিম্নলিখিত পৃষ্ঠাগুলোতে বিভিন্ন পরামর্শ প্রদান করা হয়। এগুলোতে নিম্নলিখিতগুলো অন্তর্ভুক্ত:

- আপনার গণিতের দক্ষতা বৃদ্ধি করার জন্য পরামর্শ
- SHSAT-এর গণিত বিভাগের প্রত্যাশা সম্পর্কে মনে রাখার জন্য পরামর্শ
- গণিতের সমস্যা সমাধানের জন্য পরামর্শ

গ্রেড 8-এর পরীক্ষার ফর্মগুলোতে গণিতের প্রশ্ন গ্রেড 7 পর্যন্ত নিউ ইয়র্ক অঙ্গরাজ্যের শেখার মানের উপর ভিত্তি করে তৈরি করা হয়। গ্রেড 9-এর পরীক্ষার ফর্মগুলোতে গণিতের প্রশ্ন গ্রেড 8 পর্যন্ত শিক্ষামান এর উপর ভিত্তি করে তৈরি করা হয়।

আপনার গণিতের দক্ষতা বৃদ্ধি করার জন্য পরামর্শ

গণিত-এর উপকরণসমূহ পর্যালোচনা করুন।

- আপনার গণিত পাঠ্যপুস্তক ব্যবহার করুন, স্কুলে বা আপনার স্থানীয় লাইব্রেরিতে গণিতের অন্যান্য উপকরণ সন্ধান করুন বা আপনার শিক্ষককে আপনার ব্যবহারের জন্য উপকরণ সুপারিশ করতে বলুন।

প্রতিদিন গণিতের প্রশ্ন সমাধানের অনুশীলন করুন। মৌলিক এবং চ্যা লেঞ্জিং উভয় ধরনের প্রশ্নের সমাধান করুন।

- মৌলিক প্রশ্নগুলো দক্ষতাকে বৃদ্ধি করে, যেমন ভগ্নাংশকে সরলীকরণ করা এবং পরিসংখ্যানের ধারণা প্রয়োগ করা।
- অধিক চ্যালেঞ্জিং প্রশ্নের জন্য একাধিক ধাপ সম্বলিত জটিল সমীকরণ সেট-আপ করতে হবে। এগুলোর জন্য গণিতের বিভিন্ন ধরনের দক্ষতা ব্যবহার করারও প্রয়োজন হতে পারে। উদাহরণস্বরূপ, আপনি ভগ্নাংশ ব্যবহার করতে পারেন, সমীকরণ সমাধান করতে পারেন এবং কোন প্রশ্নের উত্তর দিতে আপনার পরিসংখ্যানের জ্ঞান প্রয়োগ করতে পারেন।

গণিত বিভাগের প্রস্তুতির সময় যা মনে রাখতে হবে

গাণিতিক পদ, প্রতীক এবং সূত্র পর্যালোচনা করুন।

- আপনাকে অবশ্যই আপনার গ্রেড লেভেলের জন্য উপযুক্ত গাণিতিক পদগুলো এবং সেইসাথে সেসব পদের প্রতিনিধিত্বকারী চিহ্নগুলোর অর্থ জানতে হবে, যেমন "সমান্তরাল" এবং "লম্ব"।
- বিভিন্ন দ্বিমাত্রিক এবং ত্রিমাত্রিক চিত্রের পরিধি, ক্ষেত্রফল, আয়তন এবং পৃষ্ঠের ক্ষেত্রফলের মতো গাণিতিক পদ, প্রতীক এবং সূত্রগুলো অধ্যয়ন করুন। আপনার গণিত ক্লাস থেকে প্রাপ্ত উপকরণ ব্যবহার করুন এবং নিউ ইয়র্ক স্টেট নেক্সট জেনারেশন ম্যাথমেটিক্স লার্নিং স্ট্যান্ডার্ডগুলো দেখুন। সূত্র এবং রেফারেন্স উপকরণ নিউ ইয়র্ক স্টেট শিক্ষা বিভাগের ওয়েবসাইটেও পাওয়া যায়।
- পদ, চিহ্ন এবং সূত্রের সংজ্ঞা ও ব্যাখ্যা পরীক্ষার পুস্তিকাতে দেওয়া হবে না। যতক্ষণ না আপনি সূত্রগুলো মুখস্থ করে ফেলেন এবং সহজেই ব্যবহার করতে পারেন, ততক্ষণ পর্যন্ত প্রশ্ন সমাধানের জন্য এগুলো ব্যবহার করে অনুশীলন করুন।
- ইকুয়েশন এডিটর প্যালেটে গাণিতিক চিহ্নগুলোর অর্থ এবং সঠিক ব্যবহার পর্যালোচনা করুন, যেমন বন্ধনী (), বর্গমূল, এবং গুণ-এর বিন্দু।

আপনার টুল নিয়ে পরিকল্পনা করুন।



- আপনি গণিত বিভাগে কোন টুলগুলো ব্যবহার করবেন তা নির্ধারণ করুন। আপনি কি ডিজিটাল নোটপ্যাড টুল বা স্ক্র্যাপ পেপার ব্যবহার করবেন? আপনি কি প্রশ্নের গুরুত্বপূর্ণ অংশ হাইলাইট করবেন? স্টুডেন্ট রেডিনেস টুলের সরঞ্জাম এবং ধরনের জিনিসপত্রের সাথে নিজেকে পরিচিত করুন।

আপনার সময় নিয়ে পরিকল্পনা করুন।



- পরীক্ষার দিনের আগে, গণিত বিভাগে আপনি কতটা সময় খরচ করবেন তা পরিকল্পনা করুন। মনে রাখবেন, পরবর্তী প্রশ্নে যাওয়ার পর আপনি আর ফিরে যেতে পারবেন না।

গণিতের সমস্যা সমাধানের জন্য পরামর্শ

প্রতিটি প্রশ্ন মনোযোগ সহকারে পড়ুন।

- মনোযোগ সহকারে পড়ুন যাতে আপনি প্রশ্ন থেকে **সমস্ত** গুরুত্বপূর্ণ তথ্য ব্যবহার করে জটিল সমস্যাগুলো সঠিকভাবে সেট-আপ করতে পারেন।
- প্রশ্নের সম্পূর্ণ উত্তর দেওয়ার জন্য কতগুলো উত্তর বিকল্প বা উত্তর প্রয়োজন তা অবশ্যই লক্ষ্য করবেন।
- নমুনা 1-এর মতো প্রশ্নের কিছু অংশ হাইলাইট করুন, যাতে সমস্যা সমাধানের সময় সমস্ত তথ্য অন্তর্ভুক্ত করা হয়।
- আপনি যেসব উত্তর ভুল বলে মনে করেন সেগুলো চিহ্নিত করতে আনসার এলিমিনেটর ব্যবহার করুন।
- প্রশ্ন থেকে শব্দের অভিব্যক্তিকে গাণিতিক চিহ্নে পরিবর্তন করুন (যেমনটি নমুনা 1 এবং নমুনা 2-এ উল্লেখ করা হয়েছে)। আপনি স্ক্র্যাপ পেপার বা ডিজিটাল নোটপ্যাড ব্যবহার করবেন কিনা তা নির্ধারণ করুন। আপনি গণিতের সমস্যা স্ক্র্যাপ পেপার ব্যবহার করে সমাধান করতে অভ্যস্ত হলে সেটা করা আপনার পক্ষে দ্রুত হতে পারে। নিজের জন্য আপনার সবচেয়ে ভাল পদ্ধতি নির্বাচন করা উচিত।

বেশিরভাগ প্রশ্নের উত্তর খুঁজে বের করেই উত্তর দেওয়া উচিত।

- উত্তরের বিকল্পগুলো দেখার **আগে** সমস্যা সমাধান করা উত্তরের বিকল্পগুলো প্রথমে দেখার চেয়ে এবং **তারপরে** সঠিক উত্তর পেতে প্রতিটির যথার্থতা অনুমান করার চেষ্টা করার চেয়ে বেশি কার্যকর।

কাগজে সমস্যা সমাধান করা (শুধু আপনার মাথায় না রেখে) এবং নির্বাচন করার **পরিবর্তে** সমাধানের **দিকে মনোনিবেশ করা ভাল।**

- আপনি কোন উত্তর পেলে তালিকাভুক্ত বিকল্পগুলো দেখুন। আপনার উত্তর বিকল্পে অন্তর্ভুক্ত করা হলে এবং আপনি সেটিকে সঠিক উত্তর বলে মনে করলে সেটি চিহ্নিত করুন। তা না হলে প্রশ্নটি আবার পড়ে আবার সমাধান করুন।
- আপনার উত্তর উত্তরের বিকল্পগুলোর মধ্যে না থাকলে, আপনার উত্তর লেখার অন্যান্য উপায় বিবেচনা করুন। যেমন, $\frac{5}{9}(3 + x)$ হলো নিম্নলিখিত সবগুলোর সমতুল্য:
  $\frac{5(3 + x)}{9}$ এবং $\frac{5}{3} + \frac{5}{9}x$ এবং $\frac{5}{3} + \frac{5x}{9}$.
- যদি এরপরও আপনার উত্তর উত্তর বিকল্পগুলোর মধ্যে না থাকে, তাহলে আপনার সেরা উত্তর অনুমান করুন।

Sample 1

+ x, x+1 = −15

The sum of two consecutive integers is −15. If 1 is added to the smaller integer and 2 is subtracted from the larger integer, what is the **product** of the two resulting integers?

Sample 2

J 2K J−5 K+5

Jenny starts a game with twice as many marbles as Keiko. Jenny gives Keiko 5 marbles, but she still has 10 more than Keiko. How many marbles did Jenny have to start with?

+10

A. ~~25~~

B. 30

C. 35

D. 40

J=2K

J−5=(K+5)+10




টুল বিষয়ক পরামর্শ: আপনি যেসব উত্তর ভুল বলে মনে করেন সেগুলো চিহ্নিত করতে আনসার এলিমিনেটর ব্যবহার করুন।



টুল বিষয়ক পরামর্শ: আপনি পেন্সিল টুল অথবা ডিজিটাল নোটপ্যাড ব্যবহার করতে পারেন অথবা স্ক্র্যাপ পেপার ব্যবহার করতে পারেন।

যেসব প্রশ্নের জন্য চিত্র বা ডায়াগ্রাম নেই সেগুলোর জন্য তা আঁকুন।	➤ প্রশ্নটি কী বর্ণনা করছে তা কল্পনা করতে আপনাকে সাহায্য করতে নিচের উদাহরণের মতো চিত্র বা ডায়াগ্রাম আঁকুন।

Sample 3



The perimeter of a rectangle is 510 centimeters. The ratio of the length to the width is 3:2. What are the dimensions of this rectangle?

E. 150 cm by 105 cm
F. 153 cm by 102 cm
G. 158 cm by 97 cm
H. 165 cm by 90 cm

ডায়াগ্রাম আঁকুন এবং চিত্রটিকে লেবেল করুন।

টুল বিষয়ক পরামর্শ: আপনি নোট নেওয়ার জন্য পেন্সিল টুল বা ডিজিটাল নোটপ্যাড ব্যবহার করবেন, নাকি ডায়াগ্রাম আঁকতে স্ক্র্যাপ পেপার ব্যবহার করবেন তা ঠিক করুন।

একবারে একটি পদক্ষেপ নিন।

➤ কিছু প্রশ্নে আপনাকে কয়েকটি ধাপের একটি সিরিজ একত্রিত করতে বলা হয়। একাধিক-ধাপের সমস্যা সমাধানের জন্য নিচের উদাহরণের মতো একবারে একটি ধাপ লিখুন।

Sample 4

1 dollar = 7 lorgs
1 dollar = 0.5 dalt

Malik has 140 lorgs and 16 dalts. If he exchanges the lorgs and dalts for dollars according to the rates above, how many dollars will he receive?

A. $28
B. $52
C. $182
D. $282

$\frac{140}{x} = \frac{7}{1}$

$7x = 140$

$x = \$20$

ধাপ 1: লর্গকে ডলারে পরিবর্তন করুন।

$\frac{16}{x} = \frac{0.5}{1}$

$0.5x = 16$

$x = \$32$

ধাপ 2: ডাল্টকে ডলারে রূপান্তর করুন।

$20 + 32 = \$52$

ধাপ 3: আপনার লর্গ এবং ডাল্ট-এর রূপান্তরগুলো যোগ করুন।

Sample 1 Explanation

If x is the smaller consecutive integer, then x +1 is the larger consecutive integer. Use their sum −15 to find x:

$x + (x + 1) = -15$
$2x + 1 = -15$
$2x = -16$
$x = -8$

The two consecutive integers are −8 and −7.
One is added to the smaller integer: −8 + 1 = −7.
Two is subtracted from the larger integer: −7 – 2 = −9.
Find the product: $-7 \times -9 = 63$.

Sample 2 Explanation

(D) Set up some equations.

Jenny (J) has twice as many marbles as Keiko (K): $J = 2K$
Jenny gives Keiko 5 marbles, so now they each have: $J - 5$ and $K + 5$ marbles.
Jenny still has 10 more than Keiko:
J – 5 = (K + 5) + 10

To find how many marbles Jenny had to start with, solve $J = 2K$ for K and substitute that into the second equation:

In equation $J = 2K$, solve for K: $K = \frac{J}{2}$.
Substitute $\frac{J}{2}$ in for K.

$J - 5 = (K + 5) + 10$

$J - 5 = \left(\frac{J}{2} + 5\right) + 10$


$J - 5 = \frac{J}{2} + 15$

$\frac{J}{2} = 20$

$J = 40$ marbles

Sample 3 Explanation

(F) Let $2x$ = the width and $3x$ = the length.
Draw the rectangle to help visualize.



Since $2w + 2l = P$, we get

$2(2x) + 2(3x) = 510$
$4x + 6x = 510$
$10x = 510$
$x = 51$
$2x = 102$cm and $3x = 153$ cm

Sample 4 Explanation

(B) Use proportions to make the conversions:

Lorgs to dollars:

$$\frac{140}{x} = \frac{7}{1}$$

$7x = 140$

$x = \$20$

Dalts to dollars:

$$\frac{16}{x} = \frac{0.5}{1}$$

$0.5x = 16$

$x = \$32$

Total dollars = 20 + 32 = $52

2.0 পরীক্ষার দিনের জন্য প্রস্তুত হোন

2.1 আপনাকে পরীক্ষার অধিবেশনে কী কী আনতে হবে

আপনাকে পরীক্ষার অধিবেশনে উল্লেখিতগুলো অবশ্যই আনতে হবে:

- সহায়ক প্রযুক্তি বা অ্যাসিস্টিভ টেকনোলজি (যদি আপনার IEP এবং টেস্ট টিকেটে উল্লেখ করা থাকে)

আপনি আনতে পারেন, কিন্তু কোনো বাধ্যবাধকতা নেই:

- আপনার SHSAT টেস্ট টিকেট
- স্ল্যান্ট বোর্ড
- শার্প করা পেন্সিল এবং ইরেজার
- পেন্সিল গ্রিপ
- হাইলাইটার
- একটি ঘড়ি যা নিঃশব্দে চলে, তবে সেটা ক্যালকুলেটর নয়
- একটি মোড়ানো নয় ও নিঃশব্দ স্ন্যাক (শিক্ষার্থীরা পরীক্ষা শুরু হবার আগে অথবা কোনো বিরতির সময় তাদের স্ন্যাক খেতে পারে; পরীক্ষার চলাকালে স্ন্যাক্স খাওয়ার অনুমতি **নেই**।)
- পানি (একটি নরম অথবা প্লাস্টিকের কন্টেইনারে যা খোলা বা বন্ধ করার সময় আওয়াজ করে না)

2.2 কী কী আনা যাবে না

অনুমোদিত নয়

- ✗ আপনার নিজস্ব কম্পিউটার (পরীক্ষা দেয়ার জন্য আপনাকে একটি ডিভাইস দেয়া হবে)
- ✗ ক্যামেরা
- ✗ ক্যালকুলেটর
- ✗ স্মার্ট ওয়াচ
- ✗ ট্যাবলেট/আইপ্যাড, ইবুক রিডার
- ✗ ইয়ার পড, নন-ইলেক্ট্রনিক ইয়ার পড, স্মার্ট গ্লাস, সেল ফোন, অন্য কোনও ইলেক্ট্রনিক ডিভাইস
- ✗ বাহ্যিক লিখিত উপকরণসমূহ
- ✗ সোডা, জুস, অথবা পানি ছাড়া অন্য যেকোনো পানীয়; পানি হলো একমাত্র পানীয় যা পরীক্ষা কেন্দ্রে অনুমোদিত

সেল ফোন সংক্রান্ত দ্রষ্টব্য

পরীক্ষা কেন্দ্রে সেল ফোন অনুমোদিত, কিন্তু:

1. সেগুলো অবশ্যই বন্ধ (অফ) রাখতে হবে

2. পরীক্ষার সময় সেগুলো আপনার সাথে থাকতে পারবে না – এর অর্থ হচ্ছে সেগুলো আপনার পকেটে, হাতে, অথবা ডেস্কে থাকতে পারবে না

আপনার সেল ফোন কোথায় রাখতে হবে সেবিষয়ে পরীক্ষা শুরুর আগে পরীক্ষা কেন্দ্র থেকে নির্দেশনা দেয়া হবে। পরীক্ষা কেন্দ্র কর্তৃক নির্ধারিত নিয়মানুযায়ী সেল ফোন, ক্যামেরা, এবং অন্যান্য ইলেক্ট্রনিক সরঞ্জাম বন্ধ (অফ) করে কোথায় রাখতে হবে, সেবিষয়ে আপনাকে নির্দেশনা দেয়া হবে।

যা যা প্রদান করা হবে

- পরীক্ষা দেয়ার জন্য একটি কম্পিউটার ডিভাইস।
- খসড়ার জন্য কাগজ (স্ক্র্যাপ পেপার), যা গাণিতিক হিসাব করার জন্য নোট নিতে ব্যবহার করা যাবে এবং সেগুলো পরীক্ষার শেষে সংগ্রহ করা হবে।
- শুধুমাত্র ELL (ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার) এবং যোগ্য সাবেক ELL-রা পরীক্ষার জন্য একটি দ্বিভাষিক শব্দকোষ (বাইলিঙ্গুয়াল গ্লসারি) দেখতে পাবে। ELL-এর পরীক্ষায় সহায়তা বিষয়ক অতিরিক্ত তথ্যের জন্য SHSAT-এর ওয়েবসাইট দেখুন।

2.3 পরীক্ষার দিনের প্রত্যাশাসমূহ

- আপনি যদি স্কুল দিবস চলাকালে পরীক্ষা দেন, তাহলে নিয়মিত সময়ে স্কুলে উপস্থিত হবেন যদি না আপনার স্কুল আপনাকে উপস্থিত হবার একটি ভিন্ন সময় দেয়।
- আপনি যদি সপ্তাহান্তে পরীক্ষা দেন, তাহলে SHSAT টেস্ট টিকেটে উল্লেখিত সময়ে পরীক্ষা কেন্দ্রে পৌঁছানোর ব্যাপারটি নিশ্চিত করুন। অনুগ্রহ করে স্মরণ রাখবেন যে এটা হচ্ছে উপস্থিত হবার সময়, পরীক্ষা শুরুর হবার সময় নয়। আপনার টিকেটে উল্লেখিত সময়ের পর যত শীঘ্রই সম্ভব পরীক্ষাটি শুরু হবে। কোনো কোনো ক্ষেত্রে, পরীক্ষার টিকেটে উল্লেখিত উপস্থিত হবার সময়ের এক ঘণ্টা অথবা তার অধিক সময় পরেও পরীক্ষা শুরু হতে পারে।
- সপ্তাহান্তের পরীক্ষা কেন্দ্রগুলোতে, পরীক্ষা শুরু হবার আগে, আমাদের সাইটের স্টাফগণ প্রতিটি পরীক্ষা কক্ষে শিক্ষার্থীদের একটি ছবি তুলতে অথবা ভিডিও ধারণ করতে পারেন। এই ছবিগুলো কেবল পরীক্ষার নিরাপত্তার জন্য ব্যবহার করা হবে।
- পরীক্ষার প্রমিত বা স্ট্যান্ডার্ড সময়ের শিক্ষার্থীদের জন্য পরীক্ষার সময় হলো 180 মিনিট। বর্ধিত সময়ের সুবিধা আছে এমন শিক্ষার্থীদের পরীক্ষার সময় হলো 360 মিনিট। এই বিশেষ সুবিধাপ্রাপ্ত শিক্ষার্থীরা 180 মিনিট পরে একটি বিরতি পাবে, এবং তারপর আরো 90 মিনিট পার হয়ে যাবার পর আরেকটি বিরতি পাবে।

2.4 পরীক্ষার শুরুতে

পরীক্ষা দেয়ার আগে, আপনি স্ক্রিনে স্বীকৃতিপত্র পড়বেন যা উল্লেখ করে যে আপনি পরীক্ষা দেয়ার জন্য যথেষ্ট সুস্থ আছেন, নিউ ইয়র্ক সিটির একজন বাসিন্দা, এবং সঠিক গ্রেড স্তরের জন্য পরীক্ষাটি দিচ্ছেন। আপনার সম্মতি উল্লেখ করতে এই স্ক্রিনে দেয়া বক্সটি বেছে নিন।

- আপনি যদি ভালো বোধ না করেন, আপনাকে অতিসত্বর পরীক্ষা পরিচালককে (টেস্ট প্রক্টর) জানাতে হবে; আপনার স্বীকৃতিপত্রটি স্বাক্ষর করা অথবা পরীক্ষা শুরু করা উচিত হবে না। একবার পরীক্ষা শুরু করার পর আপনি অসুস্থতার জন্য মেক-আপ টেস্টের জন্য অনুরোধ জানানোর যোগ্য না-ও হতে পারেন।
- আপনি সঠিক গ্রেড স্তরের জন্য পরীক্ষা দিচ্ছেন তা নিশ্চিত হোন।
- আপনি যদি স্কুল দিবস চলাকালে পরীক্ষা দেন, তাহলে নিয়মিত সময়ে স্কুলে উপস্থিত হবেন যদি না আপনার স্কুল আপনাকে উপস্থিত হবার একটি ভিন্ন সময় দেয়।

আপনাকে যখন পরীক্ষা শুরু করতে বলা হবে, আপনাকে অবশ্যই প্রতিটি বিষয়ের জন্য কীভাবে আপনার উত্তর বেছে নিতে হবে সেজন্যে নির্দেশাবলী অনুসরণ করতে হবে।

আপনি চাইলে ELA অথবা ম্যাথ প্রশ্নের উত্তরের জন্য কাজ করতে প্রদত্ত খসড়া কাগজে (স্ক্র্যাপ পেপারে) লিখতে পারেন, কিন্তু নম্বর পেতে হলে আপনার উত্তরগুলো অবশ্যই অনলাইন ফর্মে বাছাই করতে হবে। পরীক্ষার সময় শেষ হবার পর প্রশ্নের উত্তর দেয়ার সম্ভব হবে না। খসড়া কাগজের (স্ক্র্যাপ পেপার) তথ্য বিবেচিত হবে না।

2.5 শিক্ষার্থীর অসদাচরণ

প্রত্যেক শিক্ষার্থীর পরীক্ষার অভিজ্ঞতা যেন সমমানের হয়, সেটা নিশ্চিত করতে এবং SHSAT স্কোরের ন্যায্যতা বজায় রাখতে নিম্নলিখিত নিয়মগুলো কঠোরভাবে প্রয়োগ করা হয়।

- শিক্ষার্থীরা ইলেক্ট্রনিক ডিভাইস বিষয়ক সেকশন 2.2 -এ বর্ণিত শর্তাবলী মেনে চলবে বলে প্রত্যাশিত। কোনও শিক্ষার্থী কোনও নিষিদ্ধ ডিভাইস অন্যত্র সরিয়ে রাখতে অথবা জমা দিতে অস্বীকার করলে, তাকে পরীক্ষা গ্রহণে অনুমতি দেয়া হবে না এবং পরবর্তী কোনো এক সময় পরীক্ষাটি আবার গ্রহণের সুযোগ দেয়া হবে না।
- পরীক্ষার সময় (বিরতির সময় সহ), আপনি অন্য শিক্ষার্থীদের সাথে কোনোভাবেই যোগাযোগ করার চেষ্টা করতে পারবেন না। এর মধ্যে নিম্নলিখিতগুলো রয়েছে, তবে এতেই সীমাবদ্ধ নয়:
  - কথা বলা, কিছু লিখা, এবং নোট আদান প্রদান করা

- অন্য শিক্ষার্থীর সাথে আপনার উত্তরগুলো শেয়ার করা
- অন্য কোনো শিক্ষার্থীর উত্তর দেখা
- পরীক্ষার প্রশ্নগুলো রেকর্ড করা
- কোনো সেল ফোন, ক্যামেরা অথবা অন্য কোনো ইলেকট্রনিক ডিভাইস সাথে রাখা (এমনকি সেটা বন্ধ অবস্থায় বা অফ করা থাকলেও)।

- পরীক্ষার সময় (বিরতির সময় সহ), আপনি পরীক্ষা ছাড়া অন্য কোনো কিছুর জন্য আপনার পরীক্ষার ডিভাইস ব্যবহার করতে পারবেন না, এবং আপনি পরীক্ষার প্ল্যাটফর্ম ছাড়া অন্য কোনো অ্যাপ্লিকেশন ব্যবহার করতে পারবেন না।
- পরীক্ষার সময় (বিরতির সময় সহ), আপনি আপনার সেল ফোন সহ যেকোনো নিষিদ্ধ ইলেক্ট্রনিক ডিভাইস ব্যবহার করতে পারবেন না।
- পরীক্ষা শেষ হবার পর এবং/অথবা পরীক্ষা পরিচালক (টেস্ট প্রক্টর) আপনাকে থামতে বলার পর, আপনি কোনও ডিজিটাল সরঞ্জাম ব্যবহার করতে, উত্তর লিপিবদ্ধ করতে, খসড়া কাগজে লিখতে, অথবা স্ক্রিনে আপনার উত্তরগুলোতে কোনও পরিবর্তন করতে পারবেন না।
- পরীক্ষা কেন্দ্রের বাহিরে কারো সাথে পরীক্ষার প্রশ্ন ও উত্তর শেয়ার করা যাবে না। এছাড়াও পরীক্ষার প্রশ্ন, উত্তর, অথবা অন্য শিক্ষার্থীর পরীক্ষা সম্পর্কে কোনো তথ্য পাওয়া শিক্ষার্থীর অসদাচরণ সংক্রান্ত নীতির একটি লঙ্ঘন। কেউ যদি আপনার সাথে পরীক্ষার প্রশ্ন/উত্তর শেয়ার করে, অথবা আপনি অন্য কোনোভাবে জানতে পারেন যে এমন তথ্য ছড়ানো হচ্ছে, তাহলে আপনি অবিলম্বে HSenrollment@schools.nyc.gov ঠিকানায় এই নীতি লঙ্ঘন রিপোর্ট করবেন বলে প্রত্যাশিত।

যদি এই কার্যকলাপগুলির মধ্যে কোনোটি শিক্ষার্থীরা করে তাহলে তাদের পরীক্ষা বাতিল হয়ে যাবে।

- অষ্টম (8) গ্রেডের শিক্ষার্থীরা পরবর্তী শিক্ষা বছরের আগে আর পরীক্ষা দেয়ার অনুমতি পাবে না।
- নবম (9) গ্রেডের শিক্ষার্থীরা নবম (9) গ্রেড শেষ হয়ে যাবার পর আর পরীক্ষা দেয়ার অতিরিক্ত সুযোগ পাবে না।

নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ পরীক্ষার প্রতি সততা ভঙ্গের কারণে কোনো শিক্ষার্থীর পরীক্ষা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে যার মধ্যে উপরে বর্ণিত পরিস্থিতিসমূহ অন্তর্ভুক্ত, তবে এতেই সীমাবদ্ধ নয়। অধিকন্তু, শিক্ষার্থী নিউ ইয়র্ক সিটির কোনো পাবলিক স্কুলে নথিভুক্ত বা এনরোল থাকুক কী না থাকুক, NYCPS-এর অসদাচরণগত সব ঘটনা তদন্ত করার ক্ষমতা রাখে; তবে উক্ত শিক্ষার্থী যদি কোনো NYCPS-বহির্ভূত স্কুলে পড়ে, তাহলে কথিত অসদাচরণ সম্পর্কে তথ্য সংগ্রহ করতে সেই শিক্ষার্থীর স্কুল পূর্ণ সহযোগিতা করবে বলে NYCPS প্রত্যাশা করে।

3.0 আমি SHSAT পরীক্ষা দেয়ার পর কী হবে?

3.1 পরীক্ষায় অনিয়মের অভিযোগ

সকল শিক্ষার্থীর জন্য SHSAT পরীক্ষা যেন একটি পক্ষপাতহীন এবং সামঞ্জস্যপূর্ণ পদ্ধতিতে পরিচালিত হয়, সেটা নিশ্চিত করতে নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ (NYCPS) কঠোর পরিশ্রম করে। কিন্তু, যদি, আপনি মনে করেন SHSAT চলাকালীন সময় কোনো বিশৃঙ্খলা অথবা সমস্যা হচ্ছে, তবে সাথে সাথেই ব্যাপারটি প্রক্টরকে (পরীক্ষা পরিচালনাকারী) জানিয়ে দেবেন। এতে অন্তর্ভুক্ত হতে পারে শিক্ষার্থীর অসুস্থতা, প্রযুক্তিগত সমস্যা, পরীক্ষায় কোনও ভুল, অনাকাঙ্ক্ষিত বিঘ্নতা, অথবা শিক্ষার্থীর অনুপযুক্ত আচরণ। প্রক্টর (পরীক্ষা পরিচালনাকারী) পরিস্থিতির একটি সমাধান দেয়ার চেষ্টা করবেন এবং পরীক্ষার শেষে আপনার কাছ থেকে একটি লিখিত বিবৃতি গ্রহণ করতে পারেন।

এছাড়া আপনি এবং আপনার পিতামাতা/অভিভাবকগণও চাইলে কোনো সন্দেহজনক পরীক্ষা পরিচালনা (প্রক্টরিং) অথবা পরীক্ষায় অনিয়ম সম্পর্কে নিম্নলিখিত যেকোনো একটি উপায়ে রিপোর্ট করতে পারেন:

1) একটি ইলেক্ট্রনিক অনুরোধ **HSEnrollment@schools.nyc.gov** ইমেইল ঠিকানায় জমা দেয়ার মাধ্যমে, অথবা

2) নিচের ঠিকানায় লিখিত অনুরোধের ডাকযোগে প্রেরণের প্রমাণসহ প্রত্যয়িত (সার্টিফাইড) চিঠি পাঠিয়ে:

Office of Student Enrollment
52 Chambers Street, Room 415
New York, NY 10007

সব অনুরোধ অবশ্যই আপনার পরীক্ষা দেয়ার তারিখের পর থেকে **এক সপ্তাহের** মধ্যে জমা দিতে হবে।

সকল অভিযোগের ক্ষেত্রে অনুগ্রহ করে পিতামাতা/অভিভাবক এবং শিক্ষার্থীর নাম, সেই সাথে টেলিফোন নম্বর এবং/অথবা ইমেইল ঠিকানা অন্তর্ভুক্ত করুন। কোনো পরীক্ষা সংক্রান্ত অনিয়মের অভিযোগ পরীক্ষা শেষ হওয়ার এক সপ্তাহের পর ডাক-তারিখ দেয়া হলে, তা নাও বিবেচনা করা হতে পারে। আলাদা আলাদা ভাবে অভিযোগগুলোর জবাব দেয়া হবে।

বাড়তি প্রতিকার: NYCPS-এর পরীক্ষায় অনিয়ম অথবা শিক্ষার্থীর অসদাচরণ সংক্রান্ত একটি পরিস্থিতি মোকাবেলায় যদি আপনি অসন্তুষ্ট হন, তাহলে নিউ ইয়র্ক এডুকেশন আইন 310 অনুযায়ী আপনি নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্টের কমিশনারের কাছে NYCPS-এর সিদ্ধান্তের বিরুদ্ধে একটি আপিল করতে পারেন। কীভাবে এই ধরনের একটি আপিল করতে হয় তা জানতে কমিশনারের ওয়েবসাইট counsel.nysed.gov/appeals দেখুন।